



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)  
কাওরান বাজার, ঢাকা-১২১৫।  
[www.iresppw-brdb.gov.bd/Fax-8189029](http://www.iresppw-brdb.gov.bd/Fax-8189029)

স্মারক নংঃ - ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩-২০৭৫


তারিখঃ ২৯/৭/২০১৫ খ্রিস্টাব্দ।

বিষয় : প্রকল্পের কম্পিউটার ব্যবহার।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (সংশোধিত)” শীর্ষক প্রকল্পটি মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত প্রকল্প। প্রকল্পের কার্যক্রম সুষ্ঠু, সুন্দর ও সহজভাবে সম্পাদনের জন্য প্রকল্পভূক্ত প্রতিটি উপজেলায় কম্পিউটারসহ আনুসঙ্গিক যন্ত্রপাতি সরবরাহ করা হয়েছে এবং সরবরাহকৃত কম্পিউটারে এন্টি-ভাইরাস ব্যবহারের জন্য নিয়মিত অর্থ বরাদ্দ দেয়া হচ্ছে। কিন্তু উদ্বেগের সহিত লক্ষ করা যাচ্ছে কোন কোন উপজেলার এন্টি-ভাইরাস ব্যবহার না করায় কম্পিউটারে নানারূপ সমস্যা দেখা দিচ্ছে এবং কম্পিউটার ক্ষতিগ্রস্ত হচ্ছে। এছাড়া সরবরাহকৃত কম্পিউটারটি প্রকল্পের হিসাব সহকারী কর্তৃক সার্বক্ষণিক ব্যবহারের নির্দেশনা থাকলেও কোন কোন উপজেলার হিসাব সহকারীর নিকট কম্পিউটার হস্তান্তর না করায় তার পক্ষে সংশ্লিষ্ট কার্যক্রম যথাযথভাবে সম্পাদন করা সম্ভব হচ্ছে না। ইহাতে প্রকল্পের কার্যক্রমে কাজিত অগ্রগতি অর্জন দারুণভাবে ব্যাহত হচ্ছে।

প্রকল্পের সামগ্রিক কার্যক্রম অধিকতর স্বচ্ছতা ও গতিশীলতার সাথে সম্পাদনের জন্য ইতোমধ্যে মাইক্রো-ফাইন্যান্স এমআইএস সফটওয়্যারের মাধ্যমে কার্যক্রম শুরু করা হয়েছে। সফটওয়্যারের মাধ্যমে দৈনন্দিন কার্যক্রম সম্পাদনের জন্য উপজেলায় সরবরাহকৃত কম্পিউটারটি সচল রাখাসহ প্রকল্পের হিসাব সহকারী কর্তৃক সার্বক্ষণিক ব্যবহারের বিষয়টি অতীব জরুরী।

এমতাবস্থায়, প্রকল্পের কম্পিউটারে আবশ্যিক ভাবে এন্টি-ভাইরাস (লাইসেন্স ভার্সন) ব্যবহারসহ হিসাব সহকারী কর্তৃক উহা সার্বক্ষণিক ভাবে ব্যবহারের বিষয়টি নিশ্চিত করার জন্য বলা হলো। উপজেলা পরিদর্শন কালে কম্পিউটারে এন্টি-ভাইরাস পাওয়া না গেলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে প্রয়োজনীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহন করা হবে।

  
প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক (ইরেসপো)  
বিআরডিবি, ঢাকা।  
ফোন নং-০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার (সকল)

উপজেলাঃ -----, জেলাঃ-----।

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ-----।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), উপজেলাঃ -----, জেলাঃ-----।
৫. হিসাব সহকারী (ইরেসপো), উপজেলাঃ -----, জেলাঃ-----।
৬. অফিস কপি।